

**কলম্বিয়া ভার্সিটির সভাপতির সাক্ষাৎ
বাংলা জিয়াকে বিশ্ববিদ্যালয়ে
বক্তৃতা প্রদানের আমন্ত্রণ**

বাসস : সফররত কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের সভাপতি ড. পি. বোলিসার প্রধানমন্ত্রী বেগম বাংলা জিয়াকে উন্নয়ন কর্মকাণ্ডে তাঁর অভিজ্ঞতার ওপর যুক্তরাষ্ট্রের যুবই মর্মান্বসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা প্রদানের আমন্ত্রণ জানিয়েছেন। গতকাল বিকেলে ড. বোলিসার তাঁর দুই সহকর্মীসহ প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎকালে এ আমন্ত্রণ জানান।

কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের সভাপতি বেগম বাংলা জিয়াকে যুক্তরাষ্ট্রে তাঁর আগামী সফরকালে সম্মানিত অতিথি হিসেবে নারীর ক্ষমতায়ন, জনস্বাস্থ্য ও দারিদ্র্য বিমোচনের মতো বিষয়গুলোর ওপর তাঁর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে ৪-৫৪ পৃঃ ৪-৫৫ কঃ দেখুন

কলম্বিয়া

৮-৫৪ পৃষ্ঠার পর

বক্তৃতা প্রদানের অনুরোধ জানান। প্রধানমন্ত্রী সনাক্ত এই আমন্ত্রণ গ্রহণ করেন এবং যুক্তরাষ্ট্রে তাঁর আগামী সফরে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ে বক্তৃতা প্রদানে সম্মতি জ্ঞাপন করেন।

প্রধানমন্ত্রী বাংলাদেশী ছাত্রদের জন্য মার্কিন ভিসা সহজ করার ব্যাপারেও তাদের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, একটি উদার গণতান্ত্রিক মুসলিম দেশের নাগরিক হিসেবে বাংলাদেশের ছাত্রদের যুক্তরাষ্ট্রে প্রবেশ সহজ হওয়া উচিত। তিনি বলেন, বাংলাদেশ সর্বদা সন্ত্রাসবাদের নিন্দা জানিয়ে আসছে এবং জাতিসংঘের অধীনে বৃহত্তম শান্তিরক্ষী বাহিনী বাংলাদেশের।

বেগম জিয়া যুক্তরাষ্ট্রের বাজারে তৈরী পোশাকের কোটা, ও উক্তমুক্ত প্রবেশ লাভে বাংলাদেশকে সহযোগিতা করতে মার্কিন প্রতিনিধিদের অনুরোধ জানান। তিনি বলেন, পোশাক শিল্পের ৯০ ভাগ শ্রমিক মহিলা হওয়ায় পোশাক শিল্প বন্ধ হলে দেশে নারীর ক্ষমতায়ন মারাত্মকভাবে বিঘ্নিত হবে। তিনি বলেন, কিছু দেশ ইতোমধ্যে এ ধরনের সুবিধা পাওয়ায় বাংলাদেশও মার্কিন বাজারে কোটামুক্ত প্রবেশ সুবিধা দাবী করতে পারে। প্রতিনিধিরা প্রধানমন্ত্রীকে মার্কিন বাজারে বাংলাদেশের তৈরী পোশাকের কোটামুক্ত প্রবেশ লাভে ব্যাপকভাবে প্রচারণা বিস্তারের চেষ্টা চালানোর আশ্বাস দেন।